সমকাল

তারিখ ... 24 MAY 2016 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

# নটর ডেম কলেজ ঢাকা

## ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

**মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশনের প্রেক্ষিতে নটর ডেম কলেজকে মহামান্য আদালত ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে কলেজের নিজস্ব প্রক্রিয়ায় ভর্তি গ্রহণের জন্য সদয় অনুমতি প্রদান করেছেন।**

১। **ভর্তির আবেদন ফরম বিতরণ:**

২৫ মে, বুধবার সকাল ৯টা হতে বিকাল ৫টা পর্যন্ত শুধু বিজ্ঞান বিভাগ
২৬ মে, বৃহস্পতিবার বিকাল ২টা হতে ৫টা পর্যন্ত বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগ
২৮ মে, শনিবার সকাল ৯টা হতে বিকাল ৫টা পর্যন্ত বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগ

ফরম ও ভর্তি প্রক্রিয়ার খরচ বাবদ ১৫০ টাকা ফরম সংগ্রহের সময় দিতে হবে। **ফরমটি পূরণ করে সংগ্রহের দিনই জমা দিতে হবে।** ফরমের সাথে এক কপি সদ্য তোলা রঙিন পাসপোর্ট সাইজ ছবি ও এসএসসি পরীক্ষার ফলাফলের ইন্টারনেট প্রিন্টআউট কপি জমা দিতে হবে। পুনঃনিরীক্ষণের ক্ষেত্রে যাদের ফল পরিবর্তন হবে এবং ভর্তির আবেদনের ন্যূনতম যোগ্যতা অর্জন করবে তাদেরকে ঐদিনই কলেজে যোগাযোগ করতে হবে।

২। **ভর্তির আবেদনের ন্যূনতম যোগ্যতা:** বিজ্ঞান বিভাগ–বাংলা মাধ্যম ও ইংরেজি ভার্সন (উচ্চতর গণিতসহ) **GPA-5.00,** মানবিক বিভাগ **GPA-3.50** এবং ব্যবসায় শিক্ষা বিভাগ **GPA-4.00**।

৩। **বিভাগ পরিবর্তনের ক্ষেত্রে:** বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা বিভাগ থেকে মানবিক বিভাগে **GPA-3.50**; বিজ্ঞান বিভাগ থেকে ব্যবসায় শিক্ষা বিভাগে **GPA-5.00**।

৪। **আসন সংখ্যা:** বিজ্ঞান বিভাগ: বাংলা মাধ্যম-১৭২০, ইংরেজি ভার্সন-২৮০, মানবিক বিভাগ: ৪০০ এবং ব্যবসায় শিক্ষা বিভাগ: ৭০০।

৫। **প্রাথমিকভাবে মনোনীতদের তালিকা প্রকাশ: ১লা জুন, বুধবার দৈনিক সমকাল** পত্রিকায় (আবেদন ফরমের ক্রমিক নম্বর অনুযায়ী) প্রকাশ করা হবে এবং ৩ ও ৪ জুন নির্ধারিত সময়সূচি অনুযায়ী কলেজের নির্দিষ্ট কক্ষে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রতিটি বিভাগে আসন সংখ্যার বিপরীতে আনুমানিক দুই/তিনগুণ প্রার্থীকে প্রাথমিকভাবে মনোনীত করা হবে। (আবেদনকারীদের মধ্য থেকে সকল বিষয়ের উপর সর্বোচ্চ ৪৮ (১০X৫=৫০-২=৪৮) গ্রেড পয়েন্ট ধরে প্রাপ্ত গ্রেড পয়েন্টের ভিত্তিতে প্রাথমিকভাবে মনোনীত করা হবে।)

বি.দ্র: যে সকল ছাত্র কলেজ কর্তৃক নির্ধারিত 'ইউনিফরম' পরিধান করতে চায় না ও যারা ধূমপান করে তাদের আবেদন করার প্রয়োজন নেই।

অধ্যক্ষ